

## ফজিলাতুন নেছা মুজিব সরকারি কলেজের শিক্ষা কার্যক্রম শুরু

যাযাদি রিপোর্ট

রাজধানীর হাজারীবাগে নবনির্মিত শহীদ বেগম শের ফজিলাতুন নেছা মুজিব সরকারি মহাবিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম শুরু হচ্ছে। স্বাধীনতার পর এই প্রথম ঢাকায় নির্মিত নতুন সরকারি কলেজের একাডেমিক কার্যক্রম শুরু হচ্ছে। সোমবার বিকাল ৩টায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ কলেজের নবনির্মিত ভবন ও শিক্ষা কার্যক্রমের উদ্বোধন করবেন।

জানা গেছে, এক একর জায়গায় একটি-৪তলা ভবনে কলেজের শিক্ষা কার্যক্রম শুরু হচ্ছে। নিচ তলায় প্রশাসনিক কার্যক্রম, দ্বিতীয় ও তৃতীয় তলায় একাডেমিক কার্যক্রম এবং চতুর্থ তলায় বিজ্ঞানাগার রয়েছে। অত্যাধুনিক শিক্ষা উপকরণ দিয়ে সাজানো হয়েছে কলেজের বিজ্ঞানাগার। ইন্টারমিডিয়েট কলেজটিতে এবার একাদশ শ্রেণিতে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় ১৭০ জন শিক্ষার্থী ভর্তি করা হয়েছে। তবে প্রতি বিভাগে ১৫০ করে মোট ৪৫০ জন শিক্ষার্থী ভর্তির অনুমোদন দিয়েছে শিক্ষা বোর্ড। বর্তমানে অধ্যক্ষসহ ২৩ জন শিক্ষক নিয়ে কলেজের খসড়া শুরু হচ্ছে। কলেজের অধ্যক্ষ সৈয়দ মিজানুর রহমান জানান, শিক্ষার্থী ভর্তির মাধ্যমে গত ১ জন কলেজের একাডেমিক কার্যক্রম শুরু হয়েছে। আজ আনুষ্ঠানিকভাবে শিক্ষা কার্যক্রমের উদ্বোধন করা হচ্ছে।

তিনি বলেন, হাজারীবাগ ও আশপাশের এলাকায় কোনো সরকারি শিক্ষাপ্রতিষ্ঠান নেই। অভাব আছে ভালোমানের শিক্ষাপ্রতিষ্ঠানেরও। এলাকাবাসীর প্রত্যাশা অনুযায়ী, নতুন এই কলেজের কার্যক্রম শুরু হওয়ায় এই এলাকার ছাত্রছাত্রীরা মানসস্তত প্রতিষ্ঠানে পাঠলাভের সুযোগ পাবে। উল্লেখ্য, বর্তমান সরকার রাজধানীতে ১৭টি সরকারি স্কুল-কলেজ প্রতিষ্ঠার উদ্যোগ নেয়। 'এন্টাভলিশমেন্ট অব ১১ সেকেন্ডারি স্কুল অ্যান্ড ৬ কলেজেস (গভর্নমেন্ট) ইন ঢাকা মেট্রোপলিটন সিটি' প্রকল্পের আওতায় হাজারীবাগে একটি কলেজ ও একটি স্কুল প্রতিষ্ঠা করা হয়েছে।